

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
কারমাইকেল কলেজ রংপুর

বিজ্ঞপ্তি নম্বর..... ৭১৮

তারিখ..... ১৫/১১/১৬

২০১৬ সালের ২য় বর্ষ অনার্স নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের পরীক্ষার আবেদন ফরম ডাউন লোড করে নিম্নে উল্লেখিত বিষয় ও তারিখ অনুযায়ী কলেজ জনতা ব্যাংক বুথ শাখায় (শুক্রবার ও সরকারি ছুটির দিন ব্যতিত) প্রয়োজনীয় ফি জমা দিয়ে আবেদন ফরম স্ব-স্ব বিভাগে জমা দিতে বলা হলো।

ক্রমিক নম্বর	তারিখ	বিষয়	সময়
০১	১৯/১১/২০১৬	ব্যবস্থাপনা/ সমাজবিজ্ঞান/ ইংরেজি	সকাল ১০.০০ টা হতে বেলা ৩ টা পর্যন্ত
০২	২০/১১/২০১৬	রাষ্ট্রবিজ্ঞান/ দর্শন/ প্রাণিবিজ্ঞান	এ
০৩	২১/১১/২০১৬	ইতিহাস/ ইসলামী শিক্ষা/ ফিন্যান্স ও ব্যাংকিং	এ
০৪	২২/১১/২০১৬	হিসাববিজ্ঞান/ উদ্ভিদবিদ্যা/ মার্কেটিং	এ
০৫	২৩/১১/২০১৬	অর্থনীতি/ পদার্থবিজ্ঞান/ গণিত	এ
০৬	২৪/১১/২০১৬	ইসলামের ইতিহাস/ বাংলা/ রসায়ন	এ

পরীক্ষার ফি

১। তত্ত্বীয় প্রতি পূর্ণ পত্র	২০০/-	৭। ইনকোর্স পরীক্ষার ফি কলেজের জন্য (প্রতি পরীক্ষার্থী)	২০০/-
২। তত্ত্বীয় প্রতি অর্ধ-পত্র	১৪০/-	৮। বেতন এক বছরের (১২* ৮ ২৫/-)	৩০০/-
৩। ব্যবহারিক প্রতি পত্র / কোর্স	২০০/-	৯। পুনঃ ভর্তি ফি	১২/৫০
৪। ইনকোর্স পরীক্ষার ফি বিশ্ববিদ্যালয়ের জন্য (প্রতি পরীক্ষার্থী)	১০০/-	১০। সেশন ফি	৭৭৫/-
৫। কেন্দ্র ফি (প্রতি পরীক্ষার্থী)	৪৫০/-	১১। প্রস্তুতিমূলক পরীক্ষার ফি	৩০০/-
৬। কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী)	১২০/-	১২। ব্যবস্থাপনা ফি	৫০/-
		১৩। বিবিধ	১০০/-

বিঃদ্রঃ ফরমপূরণের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরম পূরণের কোন সুযোগ নাই।

পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীঃ

নিয়মিত পরীক্ষার্থীদের জন্য

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০১৫ সালের ১ম বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে শুধুমাত্র সেসব শিক্ষার্থী ২০১৬ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করবে।

অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য

- ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০১৫ সালের ১ম বর্ষ অনার্স পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং ২০১৪ সালের ১ম বর্ষ পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু ২০১৫ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তারা ২০১৬ সালের ২য় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। এছাড়া ২০১৫ সালের ২য় বর্ষ পরীক্ষার প্রকাশিত ফলাফলে যেসব শিক্ষার্থী Not Promoted হয়েছে তারা একই সাথে অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে ফরমপূরণের সুযোগ পাবে, তবে পূর্ববর্তী বছরের পাসকৃত তত্ত্বীয় কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে না। তবে পাস করা "C" বা "D" গ্রেড প্রাপ্ত কোর্সে ইচ্ছা করলে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এছাড়া ২০১৫ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় Promoted শিক্ষার্থীরা "C" বা "D" এবং "F" গ্রেড পাওয়া কোর্সগুলোতে পরীক্ষা দেবার সুযোগ পাবে। উল্লেখ্য ২০১৬ সালে "C" এবং "D" প্রাপ্ত কোর্সে অংশগ্রহণ না করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের আর কোন সুযোগ পাবে না।

গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

- ২০১৫ সালের অনার্স ২য় বর্ষে যে সকল শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে, এ সকল শিক্ষার্থীরা শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- যে সকল শিক্ষার্থী ২০১৫ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে তারা ২০১৬ সালের পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।
- সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদে) অবশ্যই ন্যূনতম "D" গ্রেড এ উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল ঘাই হোক না কেন B+ গ্রেড এর বেশি প্রাপ্য হবে না। ১ম ও ২য় বর্ষে কোন কোর্সে F গ্রেড থাকলে ৪র্থ বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
- ২০১৫ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted সেসব পরীক্ষার্থীকে অনুপস্থিত ০১টি পাত্রে ২০১৬ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। অন্যথায় তার কোর্স বাতিল হয়ে যাবে।
- ইনকোর্স এ ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নাই।

অধ্যক্ষ (স্বাক্ষর)

কারমাইকেল কলেজ রংপুর

(প্রফেসর মোঃ আব্দুর রাক্কাক-১৫১০)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

কারমাইকেল কলেজ, রংপুর।

(স্বাক্ষর)

স্মারক নম্বর... ৭২৬.....

অবগতি ও কার্যার্থে অনুলিপি দেয়া হলো :

- ১। উপাধ্যক্ষ, এই কলেজ
- ২। আহবায়ক, ২য় বর্ষ অনার্স পরীক্ষা কমিটি-২০১৬, এই কলেজ
- ৩। সকল বিভাগীয় প্রধান, এই কলেজ
- ৪। বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার রংপুরকে বিজ্ঞপ্তি স্থায়ী সংবাদে পর পর ০৩ (তিন) বার প্রচার করার জন্য অনুরোধ জানানো হলো
- ৫। ম্যানেজার, জনতা ব্যাংক, লালবাগবাজার শাখা, রংপুর
- ৬। গ্রন্থাগারিক, এই কলেজ
- ৭। প্রধান সহকারী/হিসাবরক্ষক/ক্যাশিয়ার, এই কলেজ
- ৮। কলেজ নোটিশ বোর্ড
- ৯। সংরক্ষণ নথি।



কারমাইকেল কলেজ রংপুর  
(প্রফেসর মোঃ আব্দুর রাজ্জাক-১৫৯৩)  
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)  
কারমাইকেল কলেজ, রংপুর।

স্বাক্ষর  
২৫/১১/১৬